

জামালপুর সদর উপজেলা পরিষদের অর্থ, বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির
১৯/০২/২৩ ইং মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ফারজানা ইয়াছমিন
উপজেলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সদর, জামালপুর।
সময় : বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর-এর অফিস কক্ষ।


সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"তে উল্লেখ করা হল।

সভার প্রারম্ভে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা প্রকৌশলী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়করণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

অর্থ, বাজেট ও পরিকল্পনা


ক্রঃ নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব অর্থ, বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির গুরুত্ব ও কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন এবং জানান যে, ২০২২-২০২৩ অর্থ বৎসরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মোট ৩,২৯,৬৬,৯৯৪.০০ টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ৪ কিস্তিতে প্রাপ্য ৭৩,৯৯,৭৪৪.০০ মোট ৪,০৩,৬৬,৭৩৮.০০ টাকার উন্নয়ন প্রকল্প গ্রহণ করা যাবে। সঠিক সময়ে গুণগতমানসহ কাজ বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ হতে অতিদ্রুত প্রকল্প তালিকা প্রেরণ করা প্রয়োজন। উক্ত বরাদ্দকৃত অর্থ দ্বারা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশনা অনুযায়ী ফীম দাখিলের জন্য প্রস্তাব করেন।	প্রাপ্ত বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট অন্যান্যদের স্থানীয় সরকার বিভাগের নির্দেশিকা অনুযায়ী ফীম দাখিল করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রকৌশলী এলজিইডি সদর, জামালপুর।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।



 (ফারজানা ইয়াছমিন)
 উপজেলা ভাইস চেয়ারম্যান
 ও
 সভাপতি
 অর্থ, বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
 সদর, জামালপুর।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, জামালপুর।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ৫। চেয়ারম্যান ইউপি, জামালপুর সদর, জামালপুর।
- ৬। জনাব জামালপুর সদর, জামালপুর।
- ৭। অফিস কপি।


 (মোঃ তোহিদুর রহমান)
 উপজেলা প্রকৌশলী
 ও
 সদস্য সচিব
 অর্থ, বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
 সদর, জামালপুর।

২২/০২/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা অর্থ, বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ

ক্রঃ নং	নাম ও ঠিকানা	পদবী	স্বাক্ষর
১।	জনাব ফারজানা ইয়াছমিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সভাপতি	
২।	মোঃ শহীদুল্লাহ, চেয়ারম্যান, ০৪ নং তুলশীচর ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সদস্য	
৩।	মোঃ হারুনুর রশিদ, চেয়ারম্যান, ১২নং তিতপল্লা ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সদস্য	
৪।	মোঃ আলম আলী, চেয়ারম্যান, ০২নং শরিফপুর ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সদস্য	
৫।	মোঃ তৌহিদুর রহমান, উপজেলা প্রকৌশলী (এলজিইডি), জামালপুর সদর, জামালপুর।	সদস্য সচিব	